


ইউনেস্কো চালু করছে ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরী

আগামী ২১ এপ্রিল ইউনেস্কো নেশনস এডুকেশনাল সায়েন্সিফিক এন্ড কালচারাল অর্গানাইজেশন (ইউনেস্কো) ২ সদর দফতরে চালু করা হচ্ছে ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরী। তথ্যপ্রযুক্তি ভিত্তিক সমাজ ব্যবস্থায় তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার মাধ্যমে সারা বিশ্বের দুর্ভাগ্যবহী



মাগ, সিনেমা সহ ফটোগ্রাফ সন্থকে সকলের নিকট সহজলভ্য করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইউনেস্কোর প্রাকৃতিক সদর দফতরে এই ডিজিটাল লাইব্রেরী চালু করার লক্ষ্যে ইতোমধ্যেই কাজ করে চলেছে ইউনেস্কো। আগামী ২১ এপ্রিল এই ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরী চালু করা হবে এবং বিশ্বের যেকোন প্রান্তে বসবাসকারী ব্যক্তি www.worlddigitallibrary.org ওয়েব সাইটে প্রবেশ করার মাধ্যমে এই সকল দুর্লভ চিত্র এবং তথ্যসমূহ পেতে সক্ষম হবে। ইউনেস্কোর এই উদ্যোগকে বিশ্বের ইতিহাস সম্বন্ধে সকলকে খাঙ্গা প্রদানের পাশাপাশি যেকোন ব্যক্তির জ্ঞানের পরিধি বৃদ্ধিতে সহায়ক হবে বলে বিশেষজ্ঞরা মনে করছে। ইউনেস্কোর এই ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরী প্রাকৃতিকভাবে সাতটি ভাষাতে প্রকাশ করা হবে যার মধ্যে রয়েছে ইংরেজি, আরবী, চাইনিজ, ফ্রেঞ্চ, রুশ, পর্তুগীজ এবং স্প্যানিশ। এই ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরীকে বহুসংস্কৃতি ডিজিটাল লাইব্রেরী হিসেবে গড়ে তুলতে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান এবং সংস্কৃতি বিষয়ক প্রতিষ্ঠান এবং ৩২টি সহায়ক ইনস্টিটিউট একযোগে কাজ করে চলেছে। সেই সাথে ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরীকে বিশ্বের সর্ববৃহৎ এবং তথ্যনির্ভর ডিজিটাল লাইব্রেরী হিসেবে গড়ে তুলতে সহায়তা নেয়া হচ্ছে বিশ্বের অন্যতম বৃহৎ লাইব্রেরী হিসেবে বিবেচিত যুক্তরাষ্ট্র ভিত্তিক ইউএস লাইব্রেরী অব কংগ্রেসের।

■ ইশতিয়াক মাহমুদ